

বাংলাদেশ স্কাউটস

৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০

স্মারক- বাঃ স্কাঃ (প্রশাঃ ২৫৬)৩৫৭৬/২০২৬

তারিখ: ১১/০৬/২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ স্কাউটস-এ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে বিধি মোতাবেক নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকবৃন্দের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	বেতন গ্রেড (২০১৫ অনুযায়ী)	প্রয়োজনীয় যোগ্যতা
১	উপ-সহকারী প্রকৌশলী (কম্পিউটার)	১	১০ম	কম্পিউটার বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএসহ ডিপ্লোমা পাশ। সংশ্লিষ্ট বিষয়ে চাকুরীর অভিজ্ঞতা সম্পন্ন এবং স্কাউটিং এ মৌলিক অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। শিক্ষাজীবনের কোন পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণী বা সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে না।
২	স্টেনোগ্রাফার/ কম্পিউটার অপারেটর	১	১৪তম	কমপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাশ। সটহ্যাণ্ডে প্রতি মিনিটে ৮০ এবং টাইপে প্রতি মিনিটে ৩০ শব্দের গতি সম্পন্ন। তবে কারিগরি শিক্ষা বোর্ড থেকে সেক্রেটারিয়েল সায়েন্স, টিভিসি (বাংলা ও ইংরেজি) কোর্স সম্পন্নকারীকে অগ্রাধিকার দেয়া হবে। বিভাগীয় যোগ্য প্রার্থীরাও আবেদন করতে পারবেন।
৩	ইলেকট্রিশিয়ান	১	১৫তম	কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় পাশ এবং ট্রেড কোর্সের সার্টিফিকেট থাকতে হবে। ইলেকট্রিক কাজে কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৪	সহকারী হিসাব রক্ষক	১	১৬তম	কমপক্ষে বাণিজ্য শাখায় উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাশ এবং কম্পিউটারে এমএস ওয়ার্ড ও এমএস এ্যাক্সেলে ২ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৫	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	১	১৬তম	কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটারে এমএস ওয়ার্ড ও এমএস এ্যাক্সেলে ২ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বাংলা ও ইংরেজি টাইপিং যথাক্রমে ৩০ ও ৫০ শব্দের গতি সম্পন্ন হতে হবে
৬	স্টোর কিপার কাম কেয়ার টেকার	১	১৬তম	কমপক্ষে ২য় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাশ। কম্পিউটারে এমএস ওয়ার্ড ও এমএস এ্যাক্সেলে ২ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং স্টোর রক্ষণাবেক্ষণ কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।
৭	প্লাম্বার	১	১৬তম	কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় পাশ হতে হবে এবং ট্রেড কোর্সের সার্টিফিকেট থাকতে হবে। প্লাম্বিং কাজে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৮	অডিও ভিজুয়াল অপারেটর	১	১৭তম	কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় পাশ হতে হবে। অডিও ভিজুয়াল সরঞ্জাম অপারেটরের কাজে অভিজ্ঞতা সম্পন্ন সার্টিফিকেটধারী হতে হবে।
৯	লিফটম্যান	১	১৭তম	কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় পাশ হতে হবে। লিফট অপারেটরের কাজে অভিজ্ঞতা সম্পন্ন এবং ট্রেড সার্টিফিকেটধারী হতে হবে।
১০	এমএলএসএ/ নৈশ প্রহরী/ দারওয়ান	৩	২০তম	কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় পাশ হতে হবে। ভালো স্বাস্থ্যের অধিকারী হতে হবে।
১১	আয়া	১	২০তম	কমপক্ষে ৮ম শ্রেণি পাশ।
১২	ক্লিনার	১	২০তম	কমপক্ষে ৮ম শ্রেণি পাশ। ভালো স্বাস্থ্যের অধিকারীসহ পরিষ্কার-পরিচ্ছন্নতা কাজে অভিজ্ঞতা থাকতে হবে।

- নির্ধারিত আবেদনপত্র www.scouts.gov.bd এই ওয়েবসাইট এর নোটিশ বোর্ড থেকে ডাউনলোড করে তা যথাযথভাবে পূরণপূর্বক আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি, জাতীয় পরিচয়পত্রের কপি, অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করে A4 খামে আগামী ১৩ জুলাই ২০২৬ তারিখের মধ্যে নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, জাতীয় স্কাউট ভবন, ৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০ ঠিকানায় ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।
- সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই ১৩ জুলাই ২০২৬ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- চাকুরিরত ও বিভাগীয় প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ সম্পর্কিত প্রমাণপত্রের কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ক্রমিক ১-৭ এর পদের জন্য ২০০.০০ (দুইশত) টাকা এবং ক্রমিক ৮-১২ এর আবেদনকারীকে ১০০.০০ (একশত) টাকা মূল্যের (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার “বাংলাদেশ স্কাউটস” শিরোনামে রূপালী ব্যাংক লিমিটেড, নয়পল্টন কর্পোরেট শাখা, ঢাকা এর অনুকূলে প্রেরণ করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/প্রশংসাপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না। এক ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না।
- এ বিজ্ঞপ্তির আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

নির্বাহী পরিচালক

বাংলাদেশ স্কাউটস